# 288832 - জীবজন্তুর শিং ব্যবহার করার হুকুম

প্রশ্ন

কোন প্রাণী জীবিত থাকতে কিংবা মরে যাওয়ার পর এর শিং কেটে নিয়ে উপকারী কোন কাজে লাগানোর হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে সকল প্রাণীর গোশত খাওয়া জায়েয যেমন- গরু, ছাগল, ভেড়া; সেগুলোকে জবাই করার পর সেগুলোর শিং ব্যবহার করা জায়েয হওয়ার ব্যাপারে কোন মতভেদ নাই। পক্ষান্তরে, কোন প্রাণী জীবিত থাকতে সে প্রাণীর শিং কেটে নেয়া হলে কিংবা শরয়িতসম্মত পদ্ধতিতে জবাই করা হয়নি এমন মৃত প্রাণীর শিং কেটে নেয়া হলে সেটার পবিত্রতার ব্যাপারে আলমেগণ মতভেদ করেছেন।

মালেকি, শাফেয়ি ও হাম্বলি মাযহাবের প্রসিদ্ধ অভিমত হল: সেটা নাপাক।

"আল-মাওসুআ আল-ফিকহিয়্যা" গ্রন্থে (৩৯/৩৯১-৩৯২) এসেছে: "গোশত খাওয়া জায়েয এমন মৃত প্রাণীর হাড়, শিং, খুর ও নখ ব্যবহার করার ব্যাপারে আলমেগণের দুটো অভিমত রয়েছে:

এক. শাফেয়ি, মালেকি ও হাম্বলি মাযহাব মতে এগুলো নাপাক বিধায় এগুলো ব্যবহার করা জায়েয নয়।"[সমাপ্ত]

তারা এভাবে দলিল দেন যে, এটি মৃতপ্রাণীর একটি অংশ। তাই এটি নাপাক। অনুরূপভাবে কোন প্রাণী জীবিত থাকা অবস্থায় এগুলো তার থেকে কেটে নিলে সেগুলোর হুকুমও মৃতপ্রাণীর হুকুমের মত।

ইবনে কুদামা (রহঃ) বলেন:

"শিং, নখ ও খুর হাড্ডির মত। যদি জবাইকৃত প্রাণী থেকে এগুলো সংগ্রহ করা হয় তাহলে সেগুলো পবিত্র। আর যদি জীবিত প্রাণী থেকে সংগ্রহ করা হয় তাহলে সেগুলো নাপাক। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কোন প্রাণী জীবিত থাকা অবস্থায় সে প্রাণী থেকে যা কর্তন করে নেয়া হয় সেটা মৃত।"[হাদিসটি তিরমিযি বর্ণনা করেন এবং বলেন: হাসান গরীব হাদিস][আল-মুগনী (১/৯৯) থেকে সমাপ্ত]

হানাফী মাযহাবের অভিমত এবং এক বর্ণনা মতে, ইমাম আহমাদের অভিমত হচ্ছে— এগুলো পবিত্র এবং এগুলো ব্যবহার করা

জায়যে। শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া এই দ্বিতীয় অভিমতটি মনোনয়ন করছেনে। তিনি বলছেনে: এটি জমহুর সালাফদেরে অভিমত।[দেখুন: মাজমুউল ফাতাওয়া (২১/৯৬-১০২)]

258312 নং প্রশ্নোত্তরে আমরা তাঁর সংক্ষপ্তি বক্তব্য উদ্ধৃত করছে।

বুখারী (রহঃ) বলনে: যুহরী বলনে: হাতি ও অন্যান্য মৃতপ্রাণীর হাড়রে ব্যাপারে: আমি উম্মতরে পূর্বসূরি আলমেদরে কছিু ব্যক্তকিে আমি পয়েছে যারা এগুলো দয়িে মাথা আঁচড়াতনে, এগুলোতে তলে ব্যবহার করতনে, এটাকে আপত্তকির মনে করতনে না।"[ফাতহুল বারী (১/৩৪২)]

হাফযে ইবনে হাজার (রহঃ) বলনে:

"এগুলোতে তলে ব্যবহার করতনে": এটি প্রমাণ করে যে, তাঁরা এর (মৃতপ্রাণীর হাড়রে) পবত্রিতার অভমিত পোষণ করতনে।"[ফাতহুল বারী (১/৩৪৩) থকেে সমাপ্ত]

ইবনুল কাইয়্যমে (রহঃ) বলনে:

"পবত্রি বলার দললি: যহেতেু হাড়রে মধ্যে নাপাক হওয়ার হতেু অনুপস্থতি। তাই হাড় নাপাক হওয়ার হুকুম দওেয়া হয়না। হাড়কে গোশতরে উপর কয়িাস করা সঠকি নয়। যহেতেু আর্দ্রতা ও খারাপ বর্জ্য গোশতরে সাথে সম্পৃক্ত; হাড়রে সাথে নয়। যমেনভিাবে যে প্রাণীর দহেে রক্ত নাই সে প্রাণী মরলওে নাপাক হয় না। অথচ সটো পরপিূর্ণ একটি প্রাণী। যহেতেু নাপাকরি কারণ সটোর মধ্যে নইে। সুতরাং হাড় নাপাক না হওয়া অধকি যুক্তযিুক্ত। এ দললিটি প্রথম দললিরে চয়েে শক্তশািলী। অতএব, এর আলোকে মৃতপ্রাণীর হাড় বক্রিি করা জায়যে হবে; যদি সে হাড় কোনে পবত্রি প্রাণীর হাড় হয়।"[যাদুল মাআদ (৫/৬৭৪)]

অতএব, মৃতপ্রাণীর হাড়কে পবত্রি বলার অভমিতটি শক্তশািলী এবং সটোই বাহ্যকি। সুতরাং কউে যদি এ অভমিতটি গ্রহণ করনে এতে কোনে বাধা নাই। আর যদি কউে অপক্ষোকৃত সাবধানতাসূচক অভমিতটি গ্রহণ করনে এবং মৃতপ্রাণীর হাড় ও শিং ব্যবহার করা বর্জন করনে তাহলে সটেি তার জন্য উত্তম। বশিষেতঃ যদি এমন জনিসি হয় যা ব্যবহার না করলওে চলে এবং সটোর বদলে অন্য জনিসি দয়িে তার প্রয়োজন কাটয়িে নতিে পারনে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।